

Times Today BD

জেলা প্রতিনিধি | দেশজুড়ে | 28 June, 2025

নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের (নোবিপ্রবি) অন্তর্ভুক্তিকালীন সাধারণ শিক্ষক পরিষদের সদ্যঘোষিত ১৬ সদস্যের তালিকায় থাকা ইংরেজি বিভাগের সহকারী অধ্যাপক মো. জনি মিয়া'র বিরুদ্ধে রাজনৈতিক সংশ্লিষ্টতার অভিযোগ উঠেছে।

শুক্রবার (২৭ জুন) প্রকাশিত তালিকায় জনি মিয়া'র নাম ১৫তম সদস্য হিসেবে রয়েছে। অভিযোগ উঠেছে, আওয়ামী লীগের শাসনামলে তিনি বিভিন্ন রাজনৈতিক পোস্ট ও ছবি সামাজিক যোগাযোগমাধ্যমে শেয়ার করেছেন।

সংশ্লিষ্ট একাধিক সূত্র জানায়, জনি মিয়া অতীতে ফেসবুকে প্রধানমন্ত্রী শেখ হাসিনাকে সমর্থন করে একাধিক পোস্ট দেন। বিশেষ করে ২০২১ সালের ৩ ফেব্রুয়ারি তার আইডিতে '□□ □□□ □□□□□□ □□□□□□ □□□' লেখা একটি ফ্রেম ব্যবহার করে প্রোফাইল ছবি পরিবর্তনের একটি স্ক্রিনশট ঘুরছে সামাজিক মাধ্যমে।

এছাড়া, 'জয় বাংলা, জয় বঙ্গবন্ধু' স্লোগানে পোস্ট এবং ছাত্রলীগের প্রতি শুভকামনা জানানো পোস্টেরও উল্লেখ পাওয়া গেছে, যা শিক্ষক সমাজে প্রশ্নের জন্ম দিয়েছে। যদিও জুলাই ২০২৩ সালের 'জুলাই বিপ্লব'-এর পর থেকে এমন পোস্ট আর দেখা যায়নি তার অ্যাকাউন্টে।

তবে এই অভিযোগ অস্বীকার করেছেন জনি মিয়া। তিনি বলেন, "আমার ছবি এডিট করে কেউ এ ধরনের পোস্ট ছড়িয়েছে। আমি নিজে আমার আইডিতে এসব পাইনি। এগুলো এআই দিয়ে বানানো হতে পারে।"

তিনি আরও বলেন, “এই কমিটি কোনো রাজনৈতিক দলের নয়। এটা শিক্ষকদের স্বার্থ দেখার জন্য গঠিত হয়েছে। কেউ শত্রুতাবশত বিষয়গুলো ছড়াচ্ছে।”

এ বিষয়ে সাধারণ শিক্ষক পরিষদের বার্তা প্রেরক আবদুল কাইয়ুম মাসুদ বলেন, “বিষয়টি আমাদের দৃষ্টিগোচর হয়েছে। প্রাথমিকভাবে কয়েকজনের সঙ্গে কথা বলে অভিযোগের সত্যতা কিছুটা পাওয়া গেছে। তবে আমরা যাচাই-বাছাই করে চূড়ান্ত সিদ্ধান্ত নেব। তথ্য প্রমাণ মিললে তাকেও কমিটি থেকে বাদ দেওয়া হবে।”

তিনি আরো বলেন, “আমরা স্বচ্ছতা বজায় রাখতে চাই। এখানে লুকোচুরির কিছু নেই।”

নোবিপ্রবি আওয়ামী লীগ WE ALL ARE SHEIKH HASINA MEN জনি মিয়া

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 28 June, 2025 19:57

URL: <https://www.timestodaybd.com/across-the-country/7758073834>